

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১২৯-আইন/২০২৬/৩৩৪-মুসক।— জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর Heading No. ২৪.০২, ২৪.০৩ ও ২৪.০৪ এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ সর্বোচ্চ খুচরা মূল্য ও কলাম (৫) এ উল্লিখিত হারে সম্পূরক শুল্ক নির্ধারণ করিল, যথা:-

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods)	সর্বোচ্চ খুচরামূল্য (Maximum Retail Price)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৪.০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco, manufactured mechanically)	প্রতি দশ শলাকা সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য (প্যাকেটের গায়ে সর্বোচ্চ খুচরা মূল্য, সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার এবং ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট বাজারে নিম্ন স্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায় স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট মধ্যম স্তরের নিম্নে সরবরাহ না করিবার শর্তে)	
			নিম্ন স্তর- ৬২ টাকা ও তদূর্ধ্ব	৬৭
			মধ্যম স্তর- ৯২ টাকা ও তদূর্ধ্ব	৬৭
			উচ্চ স্তর- ১৬০ টাকা ও তদূর্ধ্ব	৬৭
			অতি উচ্চ স্তর- ২১০ টাকা ও তদূর্ধ্ব	৬৭
	২৪০২.৯০.০০	যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিয়ুক্ত)	৬.০০ টাকা (আট শলাকার প্রতি প্যাকেট)	৩০
			৭.৫০ টাকা (দশ শলাকার প্রতি প্যাকেট)	৩০
			৯.০০ টাকা (বার শলাকার প্রতি প্যাকেট)	৩০
			১৮.০০ টাকা	৩০

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods)	সর্বোচ্চ খুচরামূল্য (Maximum Retail Price)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
			(ঐচ্ছিক শলাকার প্রতি প্যাকেট)	
		যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত)	১০ টাকা (দশ শলাকার প্রতি প্যাকেট)	৪০
			১৯ টাকা (বিশ শলাকার প্রতি প্যাকেট)	৪০
২৪.০৩	২৪০৩.৯৯.০০	জর্দা	প্রতি দশ গ্রাম ৪৮ টাকা	৫৫
		গুল	প্রতি দশ গ্রাম ২৫ টাকা	৫৫
২৪.০৪	সংশ্লিষ্ট এইচ.এস. কোড	Nicotine Pouch	প্রতি দশ গ্রাম ৫০০ টাকা	৪০
		Heated Tobacco	২১০ টাকা (দশ শলাকার প্রতি প্যাকেট)	৬৭

২। সর্বোচ্চ খুচরা মূল্যে সিগারেট সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে উপরিউক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত মূল্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হিসাবে গণ্য হইবে এবং কলাম (৩) এ বর্ণিত পণ্যসামগ্রীর স্থানীয় সরবরাহ পর্যায়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, কলাম (৪) এ উল্লিখিত সর্বোচ্চ খুচরা মূল্যের উপর প্রযোজ্য হারে উৎপাদনশুল্ক হইতে সরবরাহের সময় পরিশোধ করিতে হইবে এবং সর্বোচ্চ খুচরা মূল্যের অধিক মূল্যে কোন পর্যায়েই সিগারেট বিক্রয় করা যাইবে না।

৩। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৭-আইন/২০২০/১০৮-মুসক এতদ্বারা রহিত করা হইল।

৪। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ আজিজুর রহমান)

সদস্য (মুসক নীতি)